

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৬

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ سُفْيَانَ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لِكَعْبِ: مَنْ أَرْبَابُ الْعِلْمِ؟ قَالَ: الَّذِي يَعْمَلُونَ بِمَا يَعْلَمُونَ. قَالَ: فَمَا أَخْرَجَ الْعِلْمَ مِنْ قُلُوبِ الْعُلَمَاءِ؟ قَالَ الطَّمَعُ. رَوَاهُ الدَّارِمِيُّ الدَّارِمِيُّ

বাংলা

২৬৬-[৬৯] সুফ্ইয়ান সাওরী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা 'উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ) কা'ব (রাঃ)-কে জিজ্ঞেস করলেন, প্রকৃত 'আলিম কারা? তিনি [কা'ব (রাঃ)] বললেন, যারা অর্জিত 'ইলম অনুযায়ী 'আমল করে। 'উমার (রাঃ) পুনরায় জিজ্ঞেস করলেন, 'আলিমের অন্তর থেকে 'ইলমকে বের করে দেয় কোন্ জিনিস? তিনি বললেন, (সম্মান ও সম্পদের) লোভ-লালসা। (দারিমী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : দারিমী ৫৭৫। কারণ সুফ্ইয়ান সাওরী এবং 'উমার (রাঃ)-এর মাঝে অনেক দূরত্ব রয়েছে, অর্থাৎ-তাদের উভয়ের মাঝে সাক্ষাৎ সংঘটিত হয়নি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ভাষ্যটুকু দ্বারা বুঝা যায় 'আমল ছাড়া 'ইলম মূল্যহীন এবং 'ইলম ধরে রাখার শর্ত হচ্ছে লোভ-লালসা ছেড়ে দেয়া। আরো বলা যেতে পারে দুনিয়ার প্রতি লোভ-লালসা মানুষকে রিয়া (দেখানোর জন্য) ও সুম্'আর (যা শোনানোর জন্য) দিকে নিয়ে যায় এবং নিষ্ঠা ছাড়া 'ইলম ও 'আমল মানুষকে নির্দিষ্ট লক্ষেয পৌঁছাতে পারে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন